গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আইনগত সহায়তা অধিদপ্তর
আইন ও বিচার বিভাগ
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা।

নং- ১০.০৭.০০০০.০০০.০০৩.০১৪.০৬৬.২৬- ১৫৪(ক)

তারিখ: ১৫ আষাঢ় ১৪৩৩ / ২৯ জুন ২০২৬

# নিয়োগ বিজ্ঞপ্তি

পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০২৫-এর বিধি ১২৫(ঘ)(২)(আ), বিধি ১৩৩ এবং তফসিল-২-এর প্রাসঙ্গিক বিধান অনুসরণপূর্বক ব্যক্তি পরামর্শক নির্বাচন পদ্ধতিতে আইন ও বিচার বিভাগের অধীন Access to Justice for Women (A2J) Project-এর আওতায় অস্থায়ী ভিত্তিতে নিম্নবর্ণিত পদে যোগ্য বাংলাদেশি নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম | পদের সংখ্যা | কর্মস্থল | মাসিক সম্মানী |
|---|---|---|---|---|
| ১. | লিগ্যাল এইড কাউন্সেলর | ৪ (চার) টি | বাংলাদেশ আইনগত সহায়তা অধিদপ্তর (কেন্দ্রীয় কার্যালয়) এর কলসেন্টার, ঢাকা | ৫০,০০০/- এবং বছরে ২টি উৎসব বোনাস। |
| ২. | লিগ্যাল এইড কাউন্সেলর | ২ (দুই) টি | শ্রম আদালত (ঢাকা ও চট্টগ্রাম) | ৭৫,০০০/- এবং বছরে ২টি উৎসব বোনাস। |

**১। নিয়োগের প্রকৃতি**

- সম্পূর্ণ অস্থায়ী ও চুক্তিভিত্তিক।
- নিয়োগের মেয়াদ চুক্তিপত্রে বর্ণিত শর্ত অনুযায়ী নির্ধারিত হবে।
- সম্মানী ও অন্যান্য অনুমোদিত ব্যয় আইন ও বিচার বিভাগের অনুকূলে বরাদ্দকৃত সরকারি (GoB) খাত হতে নির্বাহ করা হবে।

**২। দায়িত্ব ও কার্যপরিধি**

**ক. (লিগ্যাল এইড কাউন্সেলর, অধিদপ্তরের কলসেন্টার, ঢাকা)**

- বাংলাদেশ আইনগত সহায়তা অধিদপ্তরের কলসেন্টারের মাধ্যমে আইনগত তথ্য ও পরামর্শ প্রদান।
- বিচারপ্রার্থী জনগোষ্ঠীর আইনগত সমস্যা সংক্রান্ত প্রাথমিক তথ্য ও উপযুক্ত সেবার পরামর্শ প্রদান।
- বিচারপ্রার্থী জনগণকে আইনগত প্রক্রিয়া ও সরকারি আইনগত সহায়তা সম্পর্কে দিকনির্দেশনা প্রদান।
- প্রয়োজনীয় ক্ষেত্রে বিচারপ্রার্থী জনগণকে সংশ্লিষ্ট জেলা লিগ্যাল এইড অফিস বা উপযুক্ত কর্তৃপক্ষের নিকট রেফার করা।
- কলসেন্টারের কার্যক্রম-সংক্রান্ত প্রতিবেদন প্রস্তুত, রেকর্ড ও ডাটাবেস সংরক্ষণ করা।
- কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত অন্যান্য আইনানুগ দায়িত্ব পালন করা ।

**খ. (লিগ্যাল এইড কাউন্সেলর, শ্রম আদালত, ঢাকা ও চট্টগ্রাম)**

- শ্রম ও চাকরি-সংক্রান্ত বিষয়ে আইনগত পরামর্শ প্রদান।
- শ্রমিক ও নিয়োগকর্তাকে তাদের অধিকার ও দায়িত্ব সম্পর্কে অবহিত করা।
- আইনগত নথি ও কেস ফাইল প্রস্তুতে সহায়তা করা।
- প্রয়োজন অনুযায়ী শ্রম আদালতে ক্লায়েন্টের পক্ষে প্রতিনিধিত্ব করা।
- শ্রম আইন বিষয়ে গবেষণা করা।
- লিগ্যাল এইড সেল এর লিগ্যাল এইড কার্যক্রম ও বিকল্প বিরোধ নিষ্পত্তিতে সহায়তা করা।
- কেস রেকর্ড সংরক্ষণ ও রিপোর্টিং করা এবং কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত অন্যান্য আইনানুগ দায়িত্ব পালন করা।

## ৩। যোগ্যতা ও অভিজ্ঞতা

**ক. (লিগ্যাল এইড কাউন্সেলর, কলসেন্টার)**

১. স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে আইন বিষয়ে ন্যূনতম স্নাতক (এলএল.বি.) ডিগ্রি।

২. লিগ্যাল এইড, মধ্যস্থতা (ADR), মানবাধিকার, নারী ও শিশু অধিকার অথবা সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা হবে।

৩. বাংলা ও ইংরেজি ভাষায় যোগাযোগে দক্ষতা এবং কম্পিউটার পরিচালনায় পারদর্শিতা থাকতে হবে।

৪. কলসেন্টার বা গ্রাহকসেবা-সংক্রান্ত অভিজ্ঞতা থাকলে তা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

**খ. (লিগ্যাল এইড কাউন্সেলর, শ্রম আদালত)**

১. স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে আইন বিষয়ে ন্যূনতম স্নাতক (এলএল.বি.) ডিগ্রি।

২. বাংলাদেশ বার কাউন্সিলের সনদধারী কমপক্ষে ৫ বছরের অভিজ্ঞতাসম্পন্ন আইনজীবী হতে হবে।

৩. শ্রম আইন, মামলা পরিচালনা ও শ্রম সংক্রান্ত বিরোধ নিষ্পত্তিতে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা হবে।

৪. বাংলা ও ইংরেজি ভাষায় যোগাযোগে দক্ষতা এবং কম্পিউটার পরিচালনায় পারদর্শিতা থাকতে হবে।

## ৪। আবেদনপত্রের সঙ্গে দাখিলযোগ্য কাগজপত্র

- সকল শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত অনুলিপি;
- জাতীয় পরিচয়পত্রের অনুলিপি;
- সাম্প্রতিক তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি;
- অভিজ্ঞতার সনদ (যদি থাকে);
- বার কাউন্সিল সনদের অনুলিপি (প্রযোজ্য ক্ষেত্রে)।

## ৫। আবেদন দাখিলের পদ্ধতি

আগ্রহী প্রার্থীগণ বাংলাদেশ আইনগত সহায়তা অধিদপ্তর এর ওয়েবসাইট, **www.dbla.gov.bd** থেকে নির্ধারিত চাকরির আবেদন ফরম সংগ্রহ করে যথাযথভাবে পূরণপূর্বক প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্ত করে **ddfinance@dbla.gov.bd** ই-মেইলে প্রেরণ করতে হবে।

## ৬। আবেদনের শেষ তারিখ

**১৫/০৭/২০২৬ খ্রিষ্টাব্দ**, অফিস চলাকালীন সময় পর্যন্ত।

## ৭। নির্বাচন পদ্ধতি

পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০২৫ অনুযায়ী ব্যক্তি পরামর্শক নির্বাচন পদ্ধতিতে আবেদনপত্র যাচাই-বাছাই, মূল্যায়ন এবং প্রয়োজনে সাক্ষাৎকার গ্রহণের মাধ্যমে উপযুক্ত প্রার্থী নির্বাচন করা হবে।

## ৮। সাধারণ নির্দেশনা

১। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ অথবা নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

২। প্রাথমিক যাচাই-বাছাইয়ের ভিত্তিতে যোগ্য প্রার্থীদের সাক্ষাৎকার, উপস্থাপনা বা মূল্যায়নের জন্য আহ্বান করা হতে পারে।

৩। লিগ্যাল এইড কাউন্সেলর এর চূড়ান্ত নির্বাচন সংক্রান্ত সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা বাংলাদেশ আইনগত সহায়তা অধিদপ্তর সংরক্ষণ করে।

৪। বাংলাদেশ আইনগত সহায়তা অধিদপ্তর কোনো কারণ দর্শানো ব্যতিরেকে যে কোনো আবেদন গ্রহণ বা বাতিল এবং বিজ্ঞপ্তির শর্তাবলি সংশোধনের ক্ষমতা সংরক্ষণ করে।

৫। মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

**৯। চাকরির মেয়াদকাল :**

নিয়োগ প্রাপ্ত ব্যক্তিদের চুক্তির মেয়াদকাল প্রাথমিকভাবে যোগদানের তারিখ হতে অত্র প্রকল্পের মেয়াদকাল **২৭ মার্চ ২০২৭ খ্রি.** পর্যন্ত হবে এবং পরবর্তীতে প্রকল্পের মেয়াদ বৃদ্ধি সাপেক্ষে নিয়োগপ্রাপ্ত ব্যক্তিদের কার্যক্রম মূল্যায়নের ভিত্তিতে চুক্তির মেয়াদ নবায়নযোগ্য হতে পারে।

**(মো: মঞ্জুরুল হোসেন)**
মহাপরিচালক (সিনিয়র জেলা জজ)
ও
সভাপতি, মূল্যায়ন কমিটি

**কার্যার্থে বিতরণ:**

১। চীফ লিগ্যাল এইড অফিসার/লিগ্যাল এইড অফিসার- ঢাকা ও চট্টগ্রাম।
**(সংশ্লিষ্ট আদালত/লিগ্যাল এইড অফিস-এর নোটিশ বোর্ড/জেলা আইনজীবী সমিতির নোটিশ বোর্ড/শ্রম আদালতের নোটিশ বোর্ডে "লিগ্যাল এইড কাউন্সেলর, শ্রম আদালত, ঢাকা ও চট্টগ্রাম" এর নিয়োগ সংক্রান্ত অত্র বিজ্ঞপ্তি প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।**

**অনুলিপি: সদয় জ্ঞাতার্থে প্রেরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। যুগ্ম সচিব (মতামত), আইন ও বিচার বিভাগ এবং প্রকল্প পরিচালক, এ্যাকসেস টু জাস্টিস ফর উইমেন প্রকল্প।
২। উপপরিচালক (প্রশাসন), বাংলাদেশ আইনগত সহায়তা অধিদপ্তর।
৩। সহকারী পরিচালক (প্রশাসন/মনিটরিং/অর্থ ও হিসাব), বাংলাদেশ আইনগত সহায়তা অধিদপ্তর।
৪। সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, বাংলাদেশ আইনগত সহায়তা অধিদপ্তর (ওয়েবসাইটে প্রকাশের নির্দেশনাসহ)।
৫। মহাপরিচালক এর ব্যক্তিগত সহকারী, বাংলাদেশ আইনগত সহায়তা অধিদপ্তর।
৬। সংশ্লিষ্ট ফাইল/গার্ড ফাইল।

**(মুহা: মাসুদুজ্জামান)**
উপপরিচালক (অর্থ ও হিসাব)
(যুগ্ম জেলা জজ)
ও
সদস্য সচিব, মূল্যায়ন কমিটি
✉ **ddfinance@dbla.gov.bd**